আহ্বায়ক কামরুল হাসান, সদস্য সচিব আলমগীর হোসেন

বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপির মেহেরপুর জেলা আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন মোঃ কামরুল হাসান, মোঃ আলমগীর হোসেন সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন।

বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের অনুমোদনে এই আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে আহসান হাবিব, মোস্তফা কামাল ও মোঃ আক্তারুজ্জামান দায়িত্ব পালন করবেন।

যুগ্ম আহ্বায়ক হিসেবে মোঃ হাসাদুল ইসলাম, মোঃ হেলাল উদ্দিন, মোঃ জিয়ারুল ইসলাম এবং যুগ্ম সদস্য সচিব হিসেবে মোঃ জাহিদুল ইসলাম, মোঃ সাহাব্বত হোসেন, মোঃ শাহিন হোসেন দায়িত্ব পালন করবেন।

এছাড়াও সদস্য পদে দায়িত্ব পালন করবেন মোঃ আসলাম উদ্দিন, আবু হোসেন সাইদ, শ্রী বিক্রম কুমার দাস, মোঃ রাশেদ আলী, মোঃ কাদের গনি, মোঃ রফিকুল ইসলাম, মোঃ সাদমান সাকিব, মোঃ ফারদিন হোসেন, মোঃ জিহাদ ও মোঃ হুরাইরা।

বাংলাদেশ জাতীয় পার্টির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থের উপস্থিতিতে মেহেরপুর জেলা কমিটি স্বাক্ষরিত হয়। ২১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি দায়িত্ব পালন করবেন।

ঝিনাইদহে বিজেপি’র লিফলেট বিতরণ

ঝিনাইদহে দলের কর্মকান্ড প্রচারণা ও যোগদান করতে লিফলেট বিতরণ করেছে বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি) ও অঙ্গ সংগঠন বাংলাদেশ

জাতীয় যুব সংহতি।

আজ রোববার (৬ আক্টোবর) দুপুরে শহরের পায়রা চত্বর, পোস্ট অফিস মোড়, হাটের রাস্তা, কেসি কলেজ এলাকা, চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড, আরাপপুরসহ বিভিন্ন স্থানে এ লিফলেট বিতরণ করা হয়।

বাংলাদেশ জাতীয় যুব সংহতি কেন্দ্রীয় আহ্বায়ক হারুন-অর-রশিদের নেতৃত্বে লিফলেট বিতরণ কার্যক্রম শুরু হয়। সেসময় যুগ্ম আহ্বায়ক মাসুদ পারভেজ লিখন, কালীগঞ্জ, কোটচাঁদপুর ও মহেশপুর উপজেলা বিজেপির প্রধান সমন্বয়ক মোস্তাফিজুর রহমান বাবলা, জাতীয় যুব সমিতি ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক আবদুর রহিম কাকন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক শামীম রেজা, বাংলাদেশ জাতীয় ছাত্র সমাজ ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক তাকবীর মির্জা পাভেল, সদস্য সচিব এ আর আকাশ বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

লিফলেট বিতরণ শেষে সংক্ষিপ্ত বক্তব্যে বাংলাদেশ জাতীয় যুব সংহতির আহ্বায়ক হারুন-অর-রশিদ বলেন, বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপি গত ৫ বছর ধরে বিভিন্ন ভাবে সৎ, মেধাবী, তরুণ সমাজকে রাজনীতিতে সক্রিয় করার জন্য কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় আমরা আপনাদের অনুরোধ করছি বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপিতে যোগদান করে দেশ গড়ার এই কাজে আমাদের পাশে থাকুন। তিনি আরও বলেন, রাজনীতি বাঁচলেই বাঁচবে দেশ,তরুণরাই আগামীর বাংলাদেশ।